

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৬, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০২ চৈত্র ১৪২৩ বঙ্গাব্দ/১৬ মার্চ ২০১৭ খ্রিস্টাব্দ

নম্বর: ০৮.০০.০০০০.৮২১.৬২.০২২.১৭.০৮২—জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যামামলার প্রধান আইনজীবী অ্যাডভোকেট মো. সিরাজুল হকের কনিষ্ঠ পুত্র এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জনাব আনিসুল হকের ছেট ভাই জনাব আরিফুল হক রনি গত ১১ মার্চ ২০১৭ তারিখে যুক্তরাষ্ট্রের ডালাস শহরের সাউথ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি হাসপাতালে ইন্টেকাল করেন (ইয়ালিঙ্গাহি ওয়াইন্না ইলাইহি রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর।

২। জনাব আরিফুল হক রনি'র অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের ঝুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকপ্রস্তুপ পরিবারের সদস্যদের প্রতি আতরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৯ ফাল্গুন ১৪২৩/১৩ মার্চ ২০১৭ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম
মন্ত্রিপরিষদ সচিব

(২৫১৯)
মূল্য : টাকা ৪০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা: ২৯ ফাল্গুন ১৪২৩
১৩ মার্চ ২০১৭

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যামামলার প্রধান আইনজীবী অ্যাডভোকেট মো. সিরাজুল হকের কনিষ্ঠ পুত্র এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রী জনাব আনিসুল হকের ছোট ভাই জনাব আরিফুল হক রনি গত ১১ মার্চ ২০১৭ তারিখে যুক্তরাষ্ট্রের ডালাস শহরের সাউথ ওয়েস্টার্ন ইউনিভার্সিটি হাসপাতালে ইন্টেকাল করেন (ইন্ডিয়ান ওয়াইমা ইলাইহি রাজিউন)। তাঁর বয়স হয়েছিল ৫৫ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, তিনি সন্তান এবং বহু আত্মীয়-স্বজন ও গুণগ্রাহী রেখে গেছেন।

জনাব আরিফুল হক রনি ১৩ জানুয়ারি ১৯৬২ তারিখে ব্রাহ্মণবাড়িয়ার এক সন্ন্যাসী পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি ১৯৭৮ সালে ঢাকার সেন্ট জোসেফ হাই স্কুল থেকে মাধ্যমিক এবং ১৯৮০ সালে নটরডেম কলেজ থেকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হন। পরে তিনি যুক্তরাষ্ট্রের ইউনিভার্সিটি অব টেক্সাস থেকে বিবিএ এবং ডালাস ব্যাপ্টিস্ট ইউনিভার্সিটি থেকে এমবিএ ডিপ্রি অর্জন করেন। জনাব আরিফুল হক পেশাগত জীবনে যুক্তরাষ্ট্রে দীর্ঘদিন সুনামের সঙ্গে বিভিন্ন ব্যবসায়িক কর্মকাণ্ডে সম্পৃক্ত ছিলেন। বাংলাদেশেও তাঁর ব্যবসাপ্রতিষ্ঠান সেন্ট্রাল নেটওয়ার্ক সিস্টেম বিশেষ খ্যাতি অর্জন করে। উক্ত প্রতিষ্ঠান মেঘনা ও গোমতী সেতুতে টোল সংগ্রহের জন্য অনলাইন পদ্ধতি চালু করে। উক্ত প্রতিষ্ঠান বঙ্গবন্ধু সেতুতেও অনলাইন পদ্ধতি চালুকরণে কাজ করে যাচ্ছে।

উল্লেখ্য যে বঙ্গবন্ধু হত্যামালা পরিচালনার ক্ষেত্রে উক্ত প্রতিকূল পরিস্থিতিতে জনাব আরিফুল হকের পিতা অ্যাডভোকেট মো. সিরাজুল হক প্রধান আইনজীবী হিসাবে উক্ত মামলা পরিচালনার ভার গ্রহণ করেন। জনাব সিরাজুল হকের মৃত্যুর পর তাঁর জ্যেষ্ঠ পুত্র জনাব আনিসুল হক উক্ত মামলা পরিচালনার দায়িত্ব গ্রহণ করেন।

মন্ত্রিসভা জনাব আরিফুল হক রনি'র অকাল মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহমের বুহের মাগফিলাত কামনা করছে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আস্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd